

ফতওয়া নং ৪৩২

প্রশ্ন

যদি কেউ নিয়মিত নফল রোজা রাখে,,কিন্তু সেহরিতে সময়মত উঠতে নাপারার কারণে সেহরি না খাওয়া হয়,সে ক্ষেত্রে নফল রোজা হবে কি হবেনা ? অনুগ্রহ করে জানিয়ে বাধিত করিবেন

উত্তর:

সাহরী খাওয়া মুস্তাহাব। অতএব সাহরী ছাড়াও নফল, ফরয সব ধরনের রোযা শুদ্ধ হবে। তবে সাহরী খাওয়াতে সাওয়াব ও বরকত আছে। (ফাতাওয়া দারুল উলুম ৬/৩০৭)

নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ তোমরা সাহরী খাও। কেননা সাহরীতে বরকত রয়েছে। (সহিহ বুখারী, হাদিস নং ১৯২৩)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
২৬ মুহাররম, ১৪৪৬ হিজরী (02/08/2024)